

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া
(রাজস্ব শাখা)
www.bogra.gov.bd

নং : ০৫.৫০.১০০০.০০৮.৬৭.০০৩.১৯. ২২ন

তারিখ : ০১ ফাল্গুন ১৪২৮ বঙ্গাব্দ
১৪ ফেব্রুয়ারি ২০২২ খ্রিস্টাব্দ


জলমহাল ইজারা বিজ্ঞপ্তি :

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারি জলমহাল ইজারার জন্য সকল আবেদন অনলাইনে গ্রহণের সরকারি সিদ্ধান্ত গৃহীত হয়েছে। জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, বগুড়া কর্তৃক ব্যবস্থাপনাধীন ২০ (বিশ) একরের উর্ধ্বে নিম্নবর্ণিত বদ্ধ সরকারি জলমহালসমূহ ১৪২৯-১৪৩১ বঙ্গাব্দ পর্যন্ত ৩ (তিন) বছর মেয়াদে ইজারা প্রদানের লক্ষ্যে নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমিতি এর নিকট হতে অনলাইনে আবেদন আহ্বান করা যাচ্ছে। আগামী ১০ ফাল্গুন থেকে ১৫ ফাল্গুন পর্যন্ত ভূমি মন্ত্রণালয়ের www.lams.gov.bd অথবা www.jm.lams.gov.bd ওয়েবসাইটে গিয়ে জলমহাল ইজারার জন্য আবেদন করতে হবে। অনলাইনে দাখিলকৃত আবেদনে প্রিন্ট কপি এবং জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে ১৬ ফাল্গুন থেকে ২২ ফাল্গুন এর মধ্যে এ কার্যালয়ে দাখিল করতে হবে। সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী/তীরবর্তী নিবন্ধিত সংগঠন/সমিতি প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে অগ্রাধিকার পাবেন। ভুল/মিথ্যা তথ্য সম্বলিত এবং অসম্পূর্ণ আবেদন বিবেচনাযোগ্য নয়। ইজারা কার্যক্রম সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুসারে পরিচালিত হবে এবং এ সংক্রান্ত তথ্যাদি জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া'র রাজস্ব শাখা হতে জানা যাবে।

জলমহালের বিবরণ :

ক্রঃ নং	উপজেলার নাম	জলমহালের নাম	মৌজার নাম	খতিয়ান নং	দাগ নং	জমির পরিমাণ (একরে)	বার্ষিক ইজারা মূল্য
১	২	৩	৪	৫	৬	৭	৮
০১	সোনাতলা	গোবরচাপা	রশিদপুর	১	৭৭১/১৫১৬ ও ১৩৭১/৩২২১	৬৫.৬০	১,০৩,৩২০/-
০২	সোনাতলা	সাতবিলা	দড়িহাঁসরাজ ও উত্তর গজারিয়া	১	৫৪৫, ৪২, ৩১৮ ও ৩৫৮	৪৪.১৫	৩,১১,৪৫৭/-
০৩	সোনাতলা	মহিচরন বিল	মহিচরন	১	১৯৪৫	৮৩.০৩	৩৮,৩২৫/-
০৪	গাবতলী	নিজ কাঁকড়া	নিজ কাঁকড়া	১	১	৪১.৪৩	৩,২০,২৫০/-
০৫	ধুনট	বিলবাইশা	বিলবাইশা	১	১৫৮, ৫১, ৭৮০, ৭৪৮, ১১৩৫	৫৮.৫২	৮৪,০০০/-
০৬	বগুড়া সদর	আমোদবালা ডাঙ্গা	আমোদবালা	১	৩২২, ৯৮৫	৩১.৯৬	১,৪১,৯১৮/-

প্রকাশ থাকে যে, বর্ণিত তালিকায় ইজারায়োগ্য জলমহালের সংযোজন বা বিয়োজন হতে পারে।


(মোঃ জিয়াউল হক)
জেলা প্রশাসক
বগুড়া।

টেলিফোন : ০২৫৮৯৯০০০২০ (অঃ)
ই-মেইল : dcbogra @ mopa.gov.bd

নং : ০৫.৫০.১০০০.০০৮.৬৭.০০৩.১৯. ১২২/১ (৩০)

তারিখ : ০১ ফাল্গুন ১৪২৮ বঙ্গাব্দ
১৪ ফেব্রুয়ারি ২০২২ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

১। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।

৩। উপজেলা নির্বাহী অফিসার,.....(সকল), বগুড়া।

৪। সহকারী কমিশনার (ভূমি),.....(সকল), বগুড়া।

৫। জেলা তথ্য অফিসার, বগুড়া।

৬। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া। তাঁকে উক্ত বিজ্ঞপ্তি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

৭। নোটিশ বোর্ড/অফিস কপি।

তাঁকে বিজ্ঞপ্তি নোটিশ বোর্ডে টাঙ্গানোসহ বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।

(মোঃ জিয়াউল হক)

জেলা প্রশাসক

বগুড়া।

টেলিফোন : ০২৫৮৯৯০০০২০ (অঃ)

ই-মেইল : dcbogra @ mopa.gov.bd